[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পুলিশ সুপারের উপহার পেলো কন্যা সন্তানের পরিবার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় কন্যা সন্তান জন্মের সংবাদ শুনে উপহার নিয়ে নবজাতকের বাড়িতে উপস্থিত হলেন পুলিশ সদস্যরা।

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের নির্দেশে নব্য জন্ম নেওয়া কন্যা সন্তানদের বাড়িতে উপহার সামগ্রী পৌঁছে দেওয়া হয়।

জানা যায়, গতকাল বুধবার বিকালে দামুড়হুদা উপজেলার সদ্য জন্ম নেওয়া দুটি কন্যা শিশুর পরিবারে জেলা পুলিশ সুপারের পক্ষে উপহার সামগ্রী পাঠানো হয়েছে।

দামুড়হুদা উপজেলার উজিরপুর গ্রামের মিলন-পারভিনা দম্পতি ও দলকালক্ষী পুর গ্রামের এনামুল-আসমা খাতুন দম্পতির বাড়িতে পুলিশ সুপার চুয়াডাঙ্গার পক্ষে দামুড়হুদা মডেল থানার এস আই তৌহিদুর রহমান পুরস্কার সামগ্রী পৌঁছে দেন।

এসময় এসআই তৌহিদুর রহমান পুলিশ সুপারের বার্তা কন্যা সন্তানের পিতা -মাতা কে শোনান। পুলিশ সুপারের বার্তা কন্যা সন্তান বোঝা নয় আর্শিবাদ।

কন্যাশিশু জন্ম দেয়ায় চুয়াডাঙ্গার দুটি পরিবার পেল এসপির উপহার

কন্যাশিশু জন্ম দেয়ায় চুয়াডাঙ্গার দুটি পরিবারের কাছে ফুল, মিষ্টি ও উপহার সামগ্রী পৌঁছে দিলেন পুলিশ সুপার জাহিদুল ইসলাম। এর মাধ্যমে জেলা পুলিশের দেয়া ঘোষণার শুভ সূচনা করলেন তিনি। রবিবার (১০ জানুয়ারি) চুয়াডাঙ্গা পৌর এলাকার মালোপাড়া এবং আলমডাঙ্গার নতিডাঙ্গা গ্রামের দুটি পরিবারের কাছে উপহার সামগ্রী

পৌঁছে দেয়া হয়।
পুলিশ সুপার জাহিদুল ইসলাম জানান, গত ১ জানুয়ারি পৌর এলাকার মালোপাড়ার মফিজুল হক ও সুলতানা দম্পতি এবং নতিডাঙ্গা গ্রামের আমিনুর রহমান ও শামীমা খাতুন দম্পতির পরিবারে একটি করে কন্যা সন্তানের জন্ম হয়। রবিবার জেলা পুলিশের কন্ট্রোলরুমে সে খবর জানানোর পর পুলিশ সুপারের উদ্যোগে স্ব-স্ব পরিবারের কাছে ফুল, মিষ্টি, ফল, পোশাকসহ উপহার সামগ্রী পৌঁছে দেয়া হয়।
পুলিশ সুপার আরো জানান, নারীর ক্ষমতায়ন, নারী ও শিশু নির্যতান প্রতিরোধ এবং লিঙ্গ বৈষম্য দূর করতে জেলা পুলিশের পক্ষ থেকে এ উদ্যোগ নেয়া হয়েছে।
প্রসঙ্গত, সম্প্রতি চুয়াডাঙ্গা জেলা পুলিশের ফেসবুক পেজের একটি পোস্ট ভাইরাল হয়। পোস্টে পুলিশ কন্ট্রোলরুমের একটি মোবাইলফোন নম্বর (০১৩২০-১৪৯০৯৮) দিয়ে বলা হয় ‘কন্যাসন্তান জন্ম হলে ফোন করুন, উপহার পৌঁছে যাবে সাথে সাথে।’

কন্যাসন্তান জন্ম নিলেই মিলবে পুলিশের উপহার

কন্যা সন্তানের বাবা-মাকে পুরস্কৃত করার উদ্যোগ নিয়ে আলোচনায় এসেছেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ। কন্যা সন্তান বোঝা নয় আশীর্বাদ, কন্যা সন্তান আল্লাহর শ্রেষ্ঠ পুরস্কার। কন্যা সন্তান জন্ম হলে হট লাইনে ফোন করলেই সঙ্গে সঙ্গে পুলিশ বাড়িতে পৌঁছে দেবে উপহার ।

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে গতকাল বৃহস্পতিবার রাতে স্ট্যাটাস দিয়ে উপহারের ঘোষণা দেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম। সেখানে লেখা হয়েছে,
“ কন্যা সন্তান বোঝা নয়, আশীর্বাদ কন্যা সন্তান আল্লাহর শ্রেষ্ঠ পুরস্কার
কন্যা সন্তান মা-বাবার জন্য জান্নাতের সুসংবাদ নিয়ে দুনিয়ায় আগমন করে”

চুয়াডাঙ্গা জেলা পুলিশের এ মহৎ উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে চুয়াডাঙ্গার সুশিল সমাজের মানুষ।

এমন উদ্যোগ নিয়েছেন কেন? বিষয়টি জানতে চাইলে চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম বলেন, দেখা যায় কন্যা সন্তানকে আমাদের এই সমাজে মূল্যায়ণ করা হয় না। সম্প্রতি গত সপ্তাহে একটি খবরের মাধ্যমে দেখতে পেলাম কন্যা সন্তান জন্ম দেওয়ায় হাসপাতালের বেডে থাকা অবস্থায় স্ত্রীকে ডির্ভোস পেপার দিয়ে গেলো স্বামী। খবরটা দেখে মনে হলো মানুষের মাঝে এখনো ভ্রান্ত ধারণার বা অসচেতনতা রয়েছে। ‘কন্যাসন্তান বোঝা নয়’ সেই ভ্রান্ত ধারণার কিছুটা হলেও মানুষের মাঝে সচেতনা বাড়াতে আমাদের এই প্রচেষ্টা।’

তিনি আরো জানান, ‘কন্যাসন্তান হওয়ার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে জেলা পুলিশের পক্ষ থেকে নবজাতকের পোশাকসহ উপহারসামগ্রী পাঠানো হবে।’

কন্যাসন্তান জন্ম হলে ফোন করুন, উপহার পৌঁছে যাবে সাথে সাথে। এই উপহার অব্যাহত রাখতে পুলিশকে কন্যাসন্তান জন্মানোর খবর জানানোর জন্য পুলিশ কন্ট্রোলরুমের একটি মোবাইলফোন নম্বর (০১৩২০-১৪৯০৯৮) দেওয়া হয়েছে।

এছাড়াও চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ জানায়, জেলা পুলিশের ফেসবুক পেজে গতকাল বৃহস্পতিবার রাতে একটি স্ট্যাটাস দেওয়া হয়। এরপর বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ব্যাপক আলোচনার সৃষ্টি হয়।

আমি গ্রাম্য এলাকা লক্ষ্য করে দেখেছি কন্যা সন্তান হলে অনেকে মন খারাপ করে। তাদের উৎসাহিত করা এবং তাদের বুঝাতে হবে ছেলে মেয়ে সবাই সমান, মেয়েরা শিক্ষা এবং কর্ম জীবনে অনেকে এগিয়ে আছে। এ মহৎ উদ্যোগ নেওয়ায় পুলিশ সুপার জাহিদুল ইসলাম স্যার কে আমি সাধুবাদ জানায়।

ডোপ টেস্ট: এবার চাকরিচ্যুত হলেন সার্জেন্ট আতাউর

মাদক সেবনের দায়ে নওগাঁয় কর্মরত সার্জেন্ট আতাউর রহমানকে চাকরিচ্যুত করা হয়েছে। ডোপ টেস্টে ধরা ঝেয়ে জেলার মধ্যে তিনি প্রথম কর্মকর্তা হিসেবে চাকরি হারালেন। গত মঙ্গলবার (৫ জানুয়ারি) তাকে চাকরিচ্যুত করা হয় বলে জানা গেছে।

নওগাঁ পুলিশ সুপার আব্দুল মান্নান মিয়া বিষয়টি নিশ্চিত করে জানান, সম্প্রতি সার্জেন্ট আতাউর রহমানের ডোপ টেস্ট করা হলে ফলাফল পজিটিভ আসে। এরপর তাকে পুলিশ লাইনে সংযুক্ত করা হয়। মঙ্গলবার (৫ জানুয়ারি) তাকে চাকরিচ্যুত করা হয়েছে।

তিনি আরও বলেন, পুলিশ সদস্যদের মধ্যে কেউ যদি মাদকসেবন করে থাকে এজন্য আমরা নিয়মিত ডোপ টেস্ট করে থাকি। এ পর্যন্ত ডোপ টেস্টে একজনের পজিটিভ এসেছে। আমরা তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করেছি। প্রায় তিন মাস আগে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নিয়ে চাকরি থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

এর আগে, এর আগে ঢাকা মহানগরের পল্লবী থানার এক পুলিশ সদস্যকে মাদকসেবনের দায়ে চাকরিচ্যুত করা হয়েছে। গত মঙ্গলবার দিনভর পল্লবী থানায় এ নিয়ে বেশ আলোচনা ছিল। চাকরিচ্যুত ওই পুলিশ সদস্যের নাম আরিফ হোসেন মল্লিক। তিনি পল্লবী থানায় এসআই পদে কর্মরত ছিলেন।

উল্লেখ্য, সরকারি চাকরিতে চূড়ান্ত নিয়োগের আগে স্বাস্থ্য পরীক্ষার অংশ হিসেবে এখন ডোপ (মাদকদ্রব্য) টেস্টও শুরু হয়েছে। পুলিশসহ আইনশৃঙ্খলা বাহিনীর ক্ষেত্রে বিষয়টি আরও গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে।

কুষ্টিয়ার এসপিকে হত্যার

[redacted]: [redacted]

[redacted] [redacted] [redacted] ([redacted]) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] ([redacted]) [redacted] [redacted]. [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

বারাদি বিট পুলিশ ইউনিটের উদ্যোগে আমঝুপিতে উঠান বৈঠক

পুলিশি সেবা জনগণের দ্বারপ্রান্তে নিয়ে যেতে বিট পুলিশিং কার্যক্রমের যাত্রা। মুজিববর্ষের অঙ্গীকার, পুলিশ হবে জনতার এই শ্লোগানকে সামনে রেখে মেহেরপুর সদর উপজেলার বারাদি বিট পুলিশ ইউনিটের উদ্যোগে নারী নির্যাতন, ধর্ষণ, ইভটিজিং প্রতিরোধকল্পে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি সরকারি প্রাথমিক বালক বিদ্যালয় মাঠে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। বারাদি ক্যাম্পের ইনচার্জ এসআই আব্বাস উদ্দিনের সভাপতিত্বে উঠান বৈঠকে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু।

এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ শাহদারা খান। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ৬ নং ওয়ার্ড আমঝুপি ইউপি সদস্য আবুল কসেম, মশিউর রহমান ডাবলু প্রমুখ।

দুর্ঘটনা ঠেকাতে কালীগঞ্জ হাইওয়ে পুলিশের ভিন্ন উদ্যোগ

ঝিনাইদহের কালীগঞ্জে ডাকাতি ঠেকাতে সড়কের দুই পাশের জঙ্গল পরিষ্কার ও কুয়াশায় চালকদের দৃষ্টিভ্রম রোধে গাছে রং করেছে বারবাজার হাইওয়ে থানা পুলিশ।

গতকাল রবিবার সকাল ১১ টার দিকে ঝিনাইদহ-যশোর সড়কের রঘুনাথপুর এলাকায় জঙ্গল পরিষ্কার করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পরিষদের সদস্য জাহাঙ্গীর হোসেন সোহেল, বারবাজার হাইওয়ে থানার ওসি শেখ মেসবাহ উদ্দিন, কালীগঞ্জ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক সাবজাল হোসেন, সাংবাদিক

হাবিব ওসমান প্রমুখ।

বারবাজার হাইওয়ে থানার ওসি শেখ মেসবাহ উদ্দিন জানান, কুয়াশার কারণে এমনিতে সড়কে কিছু দেখা যায় না। তারপরও দুইপাশের জঙ্গলে বেশ ভয়ানক অবস্থার সৃষ্টি হয়েছিল।

কেউ যেন সড়কে ডাকাতির চেষ্টা করতে না পারে এজন্য সড়কের দুইপাশের জঙ্গল পরিষ্কার করা হচ্ছে এবং রাস্তার পাশের গাছগুলাতে সাদা রং করা হচ্ছে।

বঙ্গবন্ধুর ভাস্কর্য অবমাননার প্রতিবাদে মেহেরপুর জেলা পুলিশের আলোচনা সভা

মেহেরপুর জেলা পুলিশের আয়োজনে বঙ্গবন্ধুর ভাস্কর্যের অবমাননার প্রতিবাদ, করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ, মাদক ও জঙ্গীবাদ নির্মূল সংক্রান্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার ১২ টার দিকে জেলা পুলিশ লাইন সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবে সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সদর থানার ওসি শাহ দারা খান, মুজিবনগর থানার ওসি আব্দুল হাসেম, পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য প্রমুখ।

সভা সঞ্চালনা করেন অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম।

দর্শনার ওসির মানবাধিকার পুরস্কার অর্জন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অফিসার ইনচার্জ মোঃ মাহাব্বুর রহমান এশিয়া ছিন্নমূল মানবাধিকার বাস্তবায়ন ফাউন্ডেশন কর্তৃক “মানবাধিকার পুরস্কার-২০২০” অর্জন করেছেন। বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদে এই পুরস্কার প্রদান করা হয়।

অসহায় মানুষের পাশে সাহায্যের হাত বাড়ানো, দর্শনা থানা এলাকায় বিভিন্ন মানুষের পারিবারিক ও সামাজিক দ্বন্দ্বের শান্তিপূর্ণ সমাধান করাসহ বিভিন্ন প্রকার মানবিক কাজের জন্য তাকে এশিয়া ছিন্নমূল মানবাধিকার বাস্তবায়ন ফাউন্ডেশন কর্তৃক “মানবাধিকার পুরস্কার-২০২০” প্রদান করেছে।

অফিসার ইনচার্জ বলেন, আমার এই কৃতিত্বের দাবিদার দর্শনাবাসি ও আমার সহকর্মীবৃন্দ। আগামী দিনের জন্য সকলের দোয়া ও সহযোগিতা কামনা করছি।